



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
উপজেলা শিক্ষা অফিস  
সোনাইমুড়ী, নোয়াখালী।  
<http://eo.sonaimuri.noakhali.gov.bd>



### নিলাম বিজ্ঞপ্তি

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগিতর জন্য জানানো যাচ্ছে যে, অত্র উপজেলার ক) ৮৭নং বারাহিনগর সরকারি প্রাথমিক বিদ্যালয় এবং খ) ১০নং কেঘনা নতুন সরকারি প্রাথমিক বিদ্যালয়ের পরিত্যক্ত ও অকেজো ঘোষণা করা ভবন নিলামে বিক্রি করা হবে। নিলামে বিক্রির জন্য দরপত্রের আহবান করা যাচ্ছে।

আগামী ০৭.০৪.২০২১ খ্রিস্টাব্দ তারিখ পর্যন্ত অফিস চলাকালীন সময় নিম্নস্বাক্ষরকারীর কার্যালয় হতে ভবনের জন্য ৫০০/- (পাঁচশত টাকা) (অফেরতযোগ্য) জমা দিয়ে দরপত্র সংগ্রহ করা যাবে, এবং আগামী ০৮.০৪.২০২১ খ্রিস্টাব্দ তারিখ দুপুর ২ ঘটিকার মধ্যে সীল গালা যুক্ত খামে নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে রক্ষিত নির্ধারিত বাস্তব দরপত্র জমা দিতে হবে। আগামী ০৮.০৪.২০২১ খ্রিস্টাব্দ তারিখ দুপুর ২.৩০ মিনিটে দরদাতা বা তার প্রতিনিধির উপস্থিতিতে (যদি থাকে) দরপত্র খোলা হবে।

#### শর্তাবলী :

- দরপত্র জমা প্রদানের সময় খামের উপর বিদ্যালয়ের নাম উল্লেখ করতে হবে।
- নিম্নস্বাক্ষরকারীর অনুকূলে জামানত হিসাবে দরপত্রে উল্লেখিত উদ্ধৃতি মূল্যের ২৫% ব্যাংক ড্রাফট আকারে দরপত্রের সাথে জমা দিতে হবে।
- প্রাপ্ত দরদাতাকে পত্র প্রাপ্তির ৩ কর্মদিবসের মধ্যে দরপত্রে উল্লেখিত উদ্ধৃতি টাকাসহ সরকারি বিধি মোতাবেক ক্রয় মূল্যের উপর ২% আয়কর এবং ১৭.৫০% ভ্যাট সরকারি কোষাগারে জমা দিয়ে চালানোর কপি নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে জমাদান পূর্বক নিলামকৃত ভবনের (পরিত্যক্ত) কার্যাদেশ গ্রহণ করতে হবে।
- কার্যাদেশ প্রাপ্তির ৭ দিনের মধ্য নিজ খরচে বিদ্যালয়ের পরিত্যক্ত মালামাল সরিয়ে নিতে হবে।
- নিলাম সংক্রান্ত যে কোন বিষয়ে নিলাম কমিটির সিদ্ধান্ত চূড়ান্ত বলিয়া গণ্য হবে। নিলাম কমিটি যে কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র বা সকল দরপত্র বাতিল বা গ্রহণের ক্ষমতা সংরক্ষণ করেন।

(এমরান হোসেন)

উপজেলা শিক্ষা অফিসার (ভারপ্রাপ্ত)

সোনাইমুড়ী, নোয়াখালী।

ফোন : ০৩২২৭৫১০০৭

e-mail: [ueosonaimuri@gmail.com](mailto:ueosonaimuri@gmail.com)

তারিখ : ৩০ মার্চ ২০২১ খ্রিস্টাব্দ

স্মারক নং : উশিঅ/সোনাই/নোয়া/নিলাম/২০২১/২১৫(১১)

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো :

১. চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সোনাইমুড়ী, নোয়াখালী।
২. উপজেলা নির্বাহী অফিসার, সোনাইমুড়ী, নোয়াখালী।
৩. জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, নোয়াখালী।
৪. উপজেলা প্রকৌশলী, সোনাইমুড়ী, নোয়াখালী। (তঁাহাকে উপজেলা নির্বাহী অফিসার, সোনাইমুড়ী, নোয়াখালী মহোদয়ের অফিসে অনুষ্ঠিত নিলাম কমিটির সভায় ০৮.০৪.২০২১ খ্রিঃ তারিখ বিকাল ৩.০০ ঘটিকার সময় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।)
৫. উপজেলা ..... অফিসার, সোনাইমুড়ী, নোয়াখালী। (বিজ্ঞপ্তিটি তাঁহার নোটিশ বোর্ডে সাঁটানোর মাধ্যমে প্রচার করার জন্য অনুরোধ করা হলো।)
৬. সহকারী উপজেলা শিক্ষা অফিসার (সংশ্লিষ্ট ক্লাস্টার), সোনাইমুড়ী, নোয়াখালী।
৭. সভাপতি, ম্যানেজিং কমিটি (সংশ্লিষ্ট বিদ্যালয়), সোনাইমুড়ী, নোয়াখালী। (আগামী ০৮.০৪.২০২১ খ্রিস্টাব্দ তারিখ বিকাল ৩.০০ ঘটিকার সময় উপজেলা নির্বাহী অফিসার, সোনাইমুড়ী, নোয়াখালী মহোদয়ের কার্যালয়ে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।)
৮. প্রধান শিক্ষক (সংশ্লিষ্ট বিদ্যালয়), সোনাইমুড়ী, নোয়াখালী। (আগামী ০৮.০৪.২০২১ খ্রিস্টাব্দ তারিখ বিকাল ৩.০০ ঘটিকার উপজেলা নির্বাহী অফিসার, সোনাইমুড়ী, নোয়াখালী মহোদয়ের কার্যালয়ে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।)
৯. নোটিশ বোর্ড।
১০. অফিস কপি।

(এমরান হোসেন)

উপজেলা শিক্ষা অফিসার (ভারপ্রাপ্ত)

সোনাইমুড়ী, নোয়াখালী।

ফোন : ০৩২২৭৫১০০৭

e-mail: [ueosonaimuri@gmail.com](mailto:ueosonaimuri@gmail.com)